
# ডীনের খোলা চিঠি

## পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট (PGDM)
## ও
## সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট (CIM)

### সিমেস্টার ঃ ২৩১

বাউবির দীক্ষা:
সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা



স্কুল অব বিজনেস
School of Business

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

স্কুল অব বিজনেস
School of Business

# ডীনের খোলা চিঠি

## পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট
## ও
## সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট

## সিমেস্টার ২৩১

| গুরুত্বপূর্ণ তারিখসমূহ | | |
|---|---|---|
| কার্যক্রম | বর্তমান সিমেস্টার-২৩১ (১ম ও ৩য় লেভেল) | পরবর্তী সিমেস্টার-২৩২ (২য় লেভেল) |
| ২৩১ সিমেস্টারের ক্লাশ শুরুর তারিখঃ | এপ্রিল ১১, ২০২৫ | জুলাই ২৫, ২০২৫ |
| প্রথম এ্যাসাইনমেন্ট জমাদানের শেষ তারিখ ঃ | মে ০৯, ২০২৫ | আগস্ট ২২, ২০২৫ |
| দ্বিতীয় এ্যাসাইনমেন্ট জমাদানের শেষ তারিখ ঃ | মে ৩০, ২০২৫ | সেপ্টেম্বর ১৯, ২০২৫ |
| পরীক্ষার পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার শেষ তারিখ ঃ (পুনঃপরীক্ষার জন্য ফি প্রদান অত্যাবশ্যক) | এপ্রিল ১৮ – জুন ১৬, ২০২৫ | আগস্ট ০১ – সেপ্টেম্বর ১৬, ২০২৫ |
| সিমেস্টারের ক্লাশের শেষ তারিখঃ | মে ৩০, ২০২৫ | সেপ্টেম্বর ১৯, ২০২৫ |
| সিমেস্টার পরীক্ষা শুরুর তারিখঃ | জুন ২০, ২০২৫ | অক্টোবর ০৩, ২০২৫ |
| সিমেস্টার পরীক্ষা শেষ তারিখঃ | জুলাই ১৮, ২০২৫ | অক্টোবর ৩১, ২০২৫ |

### এমবিএ প্রোগ্রামে ভর্তির সুযোগ!

বর্তমানে যারা পিজিডিএম প্রোগ্রামে ভর্তি হয়েছেন, তারা এই প্রোগ্রাম সম্পন্ন করে ন্যূনতম সিজিপিএ ২.০০ অর্জন করতে পারলেই সরাসরি এমবিএ প্রোগ্রামের ১ম লেভেলে ভর্তির সুযোগ পাবেন। সিজিপিএ ২.৫০ বা তার উর্ধ্বে থাকলে আপনাকে স্কুল অব বিজনেস কর্তৃক পরিচালিত এমবিএ প্রোগ্রামে সরাসরি ৩য় লেভেলে ভর্তি হবার সুযোগ দেয়া হবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

# ডীনের খোলা চিঠি

প্রিয় শিক্ষার্থী,

স্কুল অব বিজনেস, বাউবি কর্তৃক পরিচালিত সার্টিফিকেট ইন্ ম্যানেজমেন্ট (সিআইএম) ও পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট (পিজিডিএম) প্রোগ্রামে আপনাকে জানাচ্ছি স্বাগতম। বিভিন্ন পেশা ও শ্রেণীর মানুষের ব্যবস্থাপনা সংক্রান্ত দক্ষতা সৃষ্টির লক্ষ্যে চালুকৃত এ প্রোগ্রামটির প্রতি আপনার আগ্রহ আমাদেরকে অনুপ্রাণিত করেছে। আমরা বিশ্বাস করি এ প্রোগ্রামের সবক'টি কোর্স সম্পন্ন করার মাধ্যমে আপনি একজন আধুনিক ও দক্ষ ব্যবস্থাপক হিসেবে আত্মপ্রকাশ করতে সক্ষম হবেন এবং সমাজকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে ভূমিকা রাখতে পারবেন।

আপনার নিবন্ধিত প্রতিটি কোর্সের জন্য বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত স্টাডি সেন্টারে একজন করে টিউটর (নির্ধারিত সংখ্যক ছাত্র নিবন্ধন ও টিউটর পাওয়া সাপেক্ষে) থাকবেন। এই টিউটোরিয়াল ক্লাসগুলো প্রথাগত শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস থেকে পৃথক। আপনাকে ক্লাসে বসে পাঠ গ্রহণের আনন্দ দেয়ার জন্য এবং পাঠে কিছুটা ব্যক্তিক স্পর্শ দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় এই ক্লাসগুলোর আয়োজন করেছে।

টিউটর আপনার পাঠের অসুবিধা দূর করার চেষ্টা করবেন এবং এ্যাসাইনমেন্ট সংক্রান্ত প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন। ক্লাসে অংশগ্রহণ আপনার জন্য বাধ্যতামূলক নয়। তবে শেখার আনন্দ লাভের জন্য এবং পাঠ গ্রহণকে সহজ করার জন্য আপনাকে টিউটোরিয়াল ক্লাসে অংশ গ্রহণের পরামর্শ দিচ্ছি।

এই ক্লাসগুলো শুধুমাত্র শুক্রবারে অনুষ্ঠিত হবে এবং টিউটর শুধুমাত্র টিউটোরিয়াল ক্লাসের সময়ে আপনাকে পাঠে সহায়তা প্রদান করবেন। এসঙ্গে স্কুলের অনুমোদিত বিভিন্ন স্টাডি সেন্টারের নাম, ঠিকানা ও টিউটোরিয়াল ক্লাসের তারিখ ও সময় সংযুক্ত থাকছে। আপনি যে কোন কেন্দ্রে টিউটোরিয়াল ক্লাস করার সুযোগ পাবেন, তবে আপনার এ্যাসাইনমেন্ট আপনার নির্ধারিত কেন্দ্রের টিউটরের কাছে জমা দেবেন। আপনি যদি টিউটোরিয়াল ক্লাস না করেন তাহলেও চলতি সিমেস্টারে নিবন্ধনকৃত কোর্সের এ্যাসাইনমেন্ট অবশ্যই আপনার স্টাডি সেন্টারের সংশ্লিষ্ট টিউটরের কাছে জমা দিবেন। পূর্ববর্তী সিমেস্টারের এ্যাসাইনমেন্ট আপনি যদি না দিয়ে থাকেন তবে আপনি সেই এ্যাসাইনমেন্ট তে শূন্য পাবেন। চলতি সিমেস্টারে নিবন্ধনকৃত কোর্সসমূহের এ্যাসাইনমেন্ট অবশ্যই চলতি সিমেস্টারেই জমা দিতে হবে।

একটি বিষয় অবশ্যই মনে রাখবেন, তা হল কোর্সের টিউটোরিয়াল ক্লাসে কোন নির্ধারিত বিষয় বা সিলেবাস শেষ করার উদ্দেশ্যে টিউটরগণ নিয়োজিত হননি। তাঁদের মূল দায়িত্ব হল আপনার মনের প্রশ্ন দুর করতে সহায়তা করা। টিউটর আপনার এ্যাসাইনমেন্ট জমা নেবেন। দূরশিক্ষণ পদ্ধতিতে পাঠ গ্রহণ প্রক্রিয়ায় সহায়তা করার জন্য বিশেষভাবে রচিত ও উপস্থাপিত যে বইগুলি আপনাদেরকে দেয়া হয়েছে, তা বাসায় ধারাবাহিকভাবে ও নিয়মিতভাবে পাঠ করুন এবং আপনার সমস্যা টিউটরের কাছে উপস্থাপন করুন। এর ফলে টিউটোরিয়াল ব্যবস্থা ফলপ্রসু হবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা সারা দেশে ছড়িয়ে আছেন। আপনার সুন্দর আচরণই বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তিকে বৃদ্ধি করতে সাহায্য করে। তাই ছাত্র হিসেবে আপনাকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের শৃংখলা বিধি মেনে চলতে হবে। মনে রাখবেন, শৃংখলা ভঙ্গের দায়ে অভিযুক্ত হলে বিশ্ববিদ্যালয় আপনার বিরুদ্ধে যে কোন ধরনের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আপনার ছাত্র জীবন সুন্দর হোক এবং সফলতার সাথে আপনি প্রোগ্রাম/কোর্সটি শেষ করুন এই কামনা করছি।

ধন্যবাদসহ,

ডীন
স্কুল অব বিজনেস
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
E-mail: islammayenul@bou.ac.bd
deanoffice.sob@gmail.com

প্রোগ্রাম/টিউটরিয়াল সার্ভিস/ফলাফল/ভর্তি সম্পার্কিত যেকোন ধরনের পরামর্শ ও অভিযোগ সরাসরি ডীন, স্কুল অব বিজনেস-কে জানানোর জন্য নিচের প্রক্রিয়া অনুসরণ করুন ঃ

১। ই-মেইল করুনঃ deanoffice.sob@gmail.com

২। একটি ফিরতি মেইল Reply পাবেন, ফিরতি মেইলটি চেক করুন

৩। ফিরতি মেইলে প্রাপ্ত Online INFORMATION FORM টি যত্নসহকারে পূরণ করুন এবং Submit বাটন এ ক্লিক করুন। আপনার অভিযোগ ও পরামর্শ আমাদের নিকট তাৎক্ষণিকভাবে পৌঁছে যাবে।

## যোগাযোগ

প্রোগ্রাম সম্পার্কিত যেকোন রকম তথ্যাদি জানার জন্য সরাসরি সমন্বয়কারী ও যুগ্ন-সমন্বয়কারী, পিজিডিএম/সিআইএম প্রোগ্রাম কে ই-মেইল অথবা ফোন করুন ঃ

**ড. মল্লিকা ঘোষ**
সহকারী অধ্যাপক
সমন্বয়কারী, পিজিডিএম/সিআইএম প্রোগ্রাম
স্কুল অব বিজনেস
ফোন ঃ ০১৭৯৯৭৮১৪৮৭, ০২৯৯৬৬৯১১০৬
ই-মেইলঃ coordinator.pgdm.sob@gmail.com
mollikag.du@gmail.com

**এমএস শাহিমা জেবিন**
প্রভাষক
যুগ্ম-সমন্বয়কারী, পিজিডিএম/সিআইএম প্রোগ্রাম
স্কুল অব বিজনেস
ফোন ঃ ০১৫১৬১৬২৭১২, ০২৯৯৬৬৯১১০৬

## টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার সম্ভাব্য সময়সূচি ২৩১-সিমেস্টার টিউটোরিয়াল ক্লাসের তারিখ:

<table>
<tr><th rowspan="2">আঞ্চলিক কেন্দ্র</th><th rowspan="2">স্টাডি সেন্টার</th><th colspan="3">এপ্রিল ২০২৫</th><th colspan="7">মে ২০২৫</th></tr>
<tr><th>১১</th><th>১৮</th><th>২৫</th><th>০২</th><th colspan="2">০৯</th><th>১৬</th><th>২৩</th><th colspan="2">৩০</th></tr>
<tr><td>ঢাকা</td><td>ঢাকা কলেজ</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td rowspan="3">১ম এ্যাসাইনমেন্ট</td><td>√</td><td>√</td><td>√</td><td rowspan="3">২য় এ্যাসাইনমেন্ট</td><td>√</td></tr>
<tr><td>চট্টগ্রাম</td><td>সরকারি সিটি কলেজ</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td></tr>
<tr><td>রংপুর</td><td>বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td><td>√</td></tr>
</table>

## টিউটোরিয়াল ক্লাসের সময়

### এপ্রিল ১১, ২০২৫ থেকে মে ৩০, ২০২৫

| সকাল<br>৮:০০ - ৯:০০ | সকাল<br>৯:০০ -১০:০০ | সকাল<br>১০:০০ -১১:০০ | সকাল<br>১১:০০ -১২:০০ | দুপুর<br>১২:০০-১:০০ |
|---|---|---|---|---|
| MGC1301/MGF 1001: Principles of Management | MGC1302/MGF 1002: Principles of Accounting | MGC1303/MGF 1003: Principles of Finance | MGC1304/MGF 1004: Principles of Marketing | |
| MGD 3310: Marketing Management | MGD 3311: Macro Economics | MGD 3313: Personnel Management | MGD 3314: Business Law | MGD 3315: Introduction to Statistics |

### *পরীক্ষার সম্ভাব্য তারিখ ও সময়সূচি*

২৩১-*সিমেস্টারের* পরীক্ষা আগামী এপ্রিল ১১, ২০২৫ (সম্ভাব্য) তারিখ থেকে শুরু হবে। পরীক্ষার রুটিন ও সময়সূচী সংবাদপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়া আপনি নিকটস্থ আঞ্চলিক কেন্দ্র থেকেও পরীক্ষার রুটিন ও সময়সূচী জেনে নিতে পারবেন। উল্লেখ্য যে, স্কুল অব বিজনেস পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়সূচী প্রয়োজনবোধে পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে। তবে পরিবর্তিত যে কোনো তারিখ ও সময়সূচী যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

## ২৩১-সিমেস্টারের পরীক্ষার সম্ভাব্য রুটিন

| তারিখ | প্রথম সিমেস্টারের কোর্সসমূহ | তৃতীয় সিমেস্টারের কোর্সসমূহ |
|---|---|---|
| | ৯:০০ – ১২:০০ (সকাল) | ২:৩০ – ৫:৩০ (বিকাল) |
| জুন ২০, ২০২৫ শুক্রবার | MGC 1301 / MGF 1001: Principles of Management | MGD 3310: Marketing Management |
| জুন ২৭, ২০২৫ শুক্রবার | MGC 1302 / MGF 1002: Principles of Accounting | MGD 3311: Macro Eonomics |
| জুলাই ০৪, ২০২৫ শুক্রবার | MGC 1303 / MGF 1003: Principles of Finance | MGD 3313: Personnel Management |
| জুলাই ১১, ২০২৫ শুক্রবার | MGC 1304 / MGF 1004: Principles of Marketing | MGD 3314: Business Law |
| জুলাই ১৮, ২০২৫ শুক্রবার | | MGD 3315: Introduction to Statistics |

## পরীক্ষার ফরম পূরণ এবং পরীক্ষা

*চলতি ২৩১-সিমেস্টারে রেজিস্ট্রেশনকৃত কোর্সসমূহের জন্য পরীক্ষার ফর্ম পূরণ করার প্রয়োজন নেই, তবে পূর্ববর্তী সিমেস্টারে রেজিস্ট্রেশনকৃত কোর্সসমূহের পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার ফর্ম পূরণ বাধ্যতামূলক। নির্ধারিত সময়ে আপনি পরীক্ষার ফরম পূরণ করে আঞ্চলিক কেন্দ্রে জমা না দিলে আপনার জন্য পরীক্ষা নেয়ার ব্যবস্থা **স্টাডি সেন্টারে** থাকবে না। আপনি যদি অন্য কোন কেন্দ্র থেকে পরীক্ষা দিতে চান তবে ফর্মের সাথে একটি আবেদনপত্র আঞ্চলিক কেন্দ্রে জমা দেবেন। মে ৩০, ২০২৫ তারিখের মধ্যে আপনি পরীক্ষার ফর্ম পূরণ করে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে পারবেন। আপনি সর্বোচ্চ ৫টি কোর্সে পরীক্ষা দিতে পারবেন। পরীক্ষার ফর্ম পূরণ ও জমা দেয়ার এই তারিখ কোনক্রমেই বাড়ানো হবে না।*

চলতি সিমেস্টারে (২৩১) নিবন্ধনকৃত কোনো কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো ফি প্রদান করতে হবে না। আপনি যদি পূর্ববর্তী সিমেস্টারে নিবন্ধিত কোনো কোর্সের পরীক্ষা এই সিমেস্টারে দিতে চান তবে মে ৩০, ২০২৫ এর মধ্যে ১২০/- (একশত বিশ) টাকা (প্রতি কোর্সের জন্য) জমা দিয়ে পরীক্ষার নির্দিষ্ট ফর্ম পূরণ করুন এবং সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জমা দিন।

একটি সিমেস্টারে আপনি যে সকল কোর্সে নিবন্ধন করবেন, ঐ সিমেস্টারের পরীক্ষাসহ পরবর্তী চারটি সিমেস্টারের পরীক্ষায় আপনি উক্ত নিবন্ধনকৃত কোর্সসমূহে সর্বোচ্চ ৩ বার পরীক্ষা দিতে পারবেন। যেমন, নিচে স্কুল অব বিজনেস-এর ধারাবাহিক সিমেস্টারগুলি লক্ষ্য করুন। আপনি যদি ২৩১-সিমেস্টারে কোন কোর্সে নিবন্ধন করেন, তবে আপনি সেই কোর্সে তিনটি সিমেস্টারের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। নিচে স্কুল অব বিজনেস এর ধারাবাহিক সিমেষ্টারগুলি দেখানো হলো :

| | | |
|---|---|---|
| সিমেস্টার | **২৪১** | ২৫১ |

চলতি সিমেস্টারে নিবন্ধনকৃত কোর্সের জন্য চলতি সিমেস্টারের পরীক্ষা ব্যতীত পূর্ববর্তী সময়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে কোর্স প্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা করে জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যেই পরীক্ষার ফর্ম পূরণ করে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

একটি কোর্সের পরীক্ষার তিনবার অবতীর্ণ হলে যে পরীক্ষায় সবচেয়ে বেশী নম্বর পাওয়া যাবে সেটাই জিপিএ নির্ধারণে অন্তর্ভুক্ত হবে। চলতি সিমেস্টার এবং পরবর্তী চারটি সিমেস্টারের মধ্যে মোট তিন বার পরীক্ষায় অবতীর্ণ হওয়া সত্ত্বেও (বা অবতীর্ণ না হয়ে) যদি কোন কোর্সে ন্যুনতম D গ্রেড না পাওয়া যায়, তবে ঐ কোর্সে পুনরায় পিজিডিএম প্রোগ্রামের জন্য ৬৯৬/- (ছয়শত ছিয়ানব্বই) টাকা কোর্স ফি এবং সিআইএম প্রোগ্রামের জন্য ৬৯৬/- (ছয়শত ছিয়ানব্বই) টাকা ফি জমা দিয়ে পুনঃনিবন্ধন করতে হবে।

- *আপনি যে স্টাডি সেন্টারের ছাত্র, পরীক্ষা সেই কেন্দ্রে অনুষ্ঠিত নাও হতে পারে। বিভিন্ন আঞ্চলিক কেন্দ্রে একাধিক স্টাডি সেন্টার থাকলেও প্রত্যেক আঞ্চলিক কেন্দ্রে মাত্র একটি বা দুটি নির্ধারিত কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে। আপনার পরীক্ষার কেন্দ্র কোন স্টাডি সেন্টারে হবে তা* মে ৩০, ২০২৫ *তারিখে পর সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র থেকে জেনে নিন।*

## পরবর্তী সিমেস্টারে নিবন্ধন

আগামী ২৩২-সিমেস্টারের কোর্সে নিবন্ধনের কাজটি নিম্নলিখিত সময় অনুযায়ী সেরে নিন। নিচে উল্লিখিত তারিখের পর আপনি ২৩২-সিমেস্টারের কোর্সে নিবন্ধনের আর কোনো সুযোগ পাবেন না।

| | **যে সকল কোর্সে নিবন্ধন করা যাবে*** | **নিবন্ধনের সময়** |
|---|---|---|
| **২য় সিমেস্টারের কোর্সে নিবন্ধন**<br>(পুরাতন ছাত্রের জন্য)<br>ইতোপূর্বে প্রাককোর্সে নিবন্ধন সাপেক্ষে | MGC 2305/MGD 2305: Business English<br>MGD 2306: Micro Economics<br>MGC 2307/MGD 2307: Entrepreneurship Development<br>MGD 2308: Introduction to Management Accounting<br>MGD 2309: Financial Management | আগস্ট ০১, ২০২৫<br>থেকে<br>সেপ্টেম্বর ১৬, ২০২৫ |

## পরীক্ষা ব্যবস্থা

স্কুল অব বিজনেস-এর সার্টিফিকেট-ইন-ম্যানেজমেন্ট এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা-ইন-ম্যানেজমেন্ট প্রোগ্রামের পরীক্ষা ব্যবস্থাটি ভালোভাবে বুঝে নিন। সংশ্লিষ্ট সিমেস্টারে যে সকল কোর্সে ছাত্র নিবন্ধন করা হবে কেবল সে সকল কোর্সের জন্যই সিমেস্টার শেষে চুড়ান্ত পরীক্ষার ব্যবস্থা থাকবে। অর্থাৎ প্রত্যেক বৎসর প্রথম সিমেস্টার শেষে ১ম ও ৩য় লেভেলের কোর্সের চুড়ান্ত লিখিত পরীক্ষা এবং দ্বিতীয় সিমেস্টার শেষে ২য় লেভেলের কোর্সের চুড়ান্ত লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। আপনার নিজস্ব পরিকল্পনা অনুসারে নির্ধারিত সময়ে প্রোগ্রাম সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন সিমেস্টারে কোর্সে নিবন্ধনের সময় এ বিষয়টি লক্ষ্য রাখবেন।

একজন ছাত্র কোনো একটি কোর্সে মান উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন সিমেস্টার ছাড়াও পরবর্তী চার সিমেস্টারে আরও দুই বার অতিরিক্ত ফি জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেন। তবে যদি কোনো ছাত্র সকল কোর্স সম্পন্ন করার পর প্রোগ্রামের সার্টিফিকেট ও নম্বরপত্র সংগ্রহ করেন অথবা বিশ্ববিদ্যালয় কর্তৃক চূড়ান্ত ফলাফলের গ্যাজেট হয়ে থাকে তবে সেই ছাত্র আর মানোন্নয়ন করার সুযোগ পাবেন না।

# Assignment সংক্রান্ত নির্দেশনা

মোট নম্বরের শতকরা ২০ ভাগ নম্বর প্রদান করা হবে Assignment-র ভিত্তিতে। তাই সময়মত Assignment জমা দিন। প্রতিটি কোর্সের জন্য আপনাকে দুটি করে Assignment জমা দিতে হবে এবং প্রতিটি Assignment-এর জন্য পৃথক নম্বর বরাদ্দ থাকবে। একটি কোর্সের Assignment-১ এর জন্য ১০ এবং Assignment-২ এর জন্য ১০ অর্থাৎ মোট ২০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে।

একটি সিমেস্টারে আপনি যে সকল কোর্সে নিবন্ধিত হয়েছেন, সেই কোর্স সমূহের Assignment সংশ্লিষ্ট সিমেস্টারের নির্ধারিত তারিখেই জমা দিতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট কোর্সের মোট ১০০ নম্বরের মূল্যায়নে Assignment এর ২০ নম্বরের মধ্যে আপনি শূন্য (০) পাবেন। **কোন অবস্থাতেই সংশ্লিষ্ট সিমেস্টারের পরে আপনার Assignment গ্রহণ করা হবে না**। আপনি যদি চলতি সিমেস্টারে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ না করে (পরবর্তী চারটি সিমেস্টারের মধ্যে) লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে চান, সেক্ষেত্রেও আপনি যে Assignment জমা দিয়েছেন, সেই Assignment -এর নম্বরই স্কুল সংরক্ষণ করবে এবং আপনার লিখিত পরীক্ষার নম্বরের সাথে যুক্ত হবে। Assignment-র প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ুন। মূলতঃ আপনার পাঠ্যবই থেকেই Assignment-র উত্তর প্রদান করতে পারবেন। Assignment-র উত্তর প্রদানের জন্য প্রয়োজনেঃ

- টিউটরের সঙ্গে আলাপ করুন।
- আপনার স্টাডি সেন্টারের সাথে সংশ্লিষ্ট কলেজের লাইব্রেরি ব্যবহার করুন এবং এ ব্যাপারে সহায়তার জন্য টিউটরের সঙ্গে আলাপ করুন।
- স্থানীয় পাবলিক লাইব্রেরি ব্যবহার করতে পারেন।
- কর্মক্ষেত্রে আপনার সহকর্মীর সঙ্গে আলাপ করুন।
- প্রয়োজনে আপনি অন্য কোন প্রতিষ্ঠানেও যেতে পারেন।
- সম্ভব হলে পাঠ্য বইয়ে উল্লিখিত সহায়ক (Reference) বই দেখুন।

**প্রতিটি কোর্সের Assignment #1 মে ০৯, ২০২৫ এর মধ্যে এবং Assignment #2 মে ৩০, ২০২৫ এর মধ্যে অবশ্যই জমা দিতে হবে।**

- Assignment রেজিস্ট্রি ডাকে পাঠালে তা অবশ্যই আপনার নির্ধারিত কেন্দ্রে পাঠাবেন এবং পোস্ট করার তারিখ নির্ধারিত শেষ তারিখ বা তার পূর্বের তারিখ হতে হবে। সেক্ষেত্রে রিসিটটি সংরক্ষণ করবেন।
- আপনার Assignment স্টাডি সেন্টারের টিউটর বা সমন্বয়কারীর নিকট জমা দিন। সমন্বয়কারী আঞ্চলিক কেন্দ্রে Assignment পাঠিয়ে দেবেন। মনে রাখবেন, স্টাডি সেন্টার ব্যতীত স্কুলে বা অন্য কোথাও Assignment জমা নেয়া হবে না।
- স্কুল কেন্দ্রীয়ভাবে আপনার Assignment মূল্যায়নের ব্যবস্থা করবে। Assignment -তে নম্বর প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে কেবল সংশ্লিষ্ট টিউটরের নিকট Assignment জমা দিন এবং সংযুক্ত Assignment প্রাপ্তি রশিদ ফর্ম ব্যবহার করে তাতে সংশ্লিষ্ট টিউটরের স্বাক্ষর নিয়ে সংরক্ষণ করুন। অন্যথায় পরবর্তীতে কখনও Assignment সংক্রান্ত সমস্যা দেখা দিলে তার দায়-দায়িত্ব স্কুল বহন করবে না।

**Assignment জমাদানের নিয়মাবলীঃ**

☞ প্রত্যেক কোর্সের প্রতিটি Assignment জমাদানের সময় ৪ ও ৫ নং পৃষ্ঠায় প্রদত্ত নমুনা অনুযায়ী **একটি কাভার পৃষ্ঠা** Assignment উত্তরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রয়োজনে প্রদত্ত নমুনা কভার পৃষ্ঠাটি **ফটোকপি** করে ব্যবহার করতে পারেন।

☞ আপনার **শিক্ষার্থী আইডি কার্ডের** (উভর দিক) ফটোকপি সংযুক্ত করে দিন।

☞ **সংশ্লিষ্ট টিউটর বা সমন্বয়কারী ব্যতীত অন্য কারে নিকট** Assignment জমা দেয়া হলে তা স্কুল কর্তৃক গৃহীত হবে না।

## সাবধানতা

অন্যকারো Assignment নকল করবেন না। নকল একটি শাস্তিযোগ্য অপরাধ। যদি প্রমাণিত হয় যে দু'জন ছাত্রের Assignment হুবুহু এক অথবা কোন ছাত্র অপর কোন ছাত্রের Assignment আংশিকভাবে বা সম্পূর্ণ কপি করেছেন বা আংশিকভাবে পরিবর্তন করে নিজ Assignment প্রস্তুত করেছেন, সেক্ষেত্রে উভয় ছাত্রের Assignment -তে শূন্য নম্বর দেয়া হবে। এক্ষেত্রে উভয় ছাত্রের বিরুদ্ধে যে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার অধিকার স্কুল অব বিজনেস সংরক্ষণ করে।

# Assignment # [ ]

**Course Code :** [ ]

**Course Title :** [ ]

***Prepared and Submitted by:***

**Name:** [ ]

**ID Number :** [ ][ ][ ] - 3 0 - [ ][ ][ ] - [ ][ ][ ]

**Program: CIM**

**First Study Center:** [ ]

**Present Study Center:** [ ]

**RC:** [ ]

**Submission Semester :** 2 3 1

| **Contact Address :** | |
|---|---|
| **Working Address** | **Residence Address** |
| Phone/Mobile no:............................................... | Phone/Mobile no:............................................... |
| Email: ................................................................. | Email: ................................................................. |
| Skype (if any): .................................................. | Skype (if any): .................................................. |
| FAX: ................................................................... | FAX: ................................................................... |

# Assignment # [ ]

**Course Code :** [ ]

**Course Title :** [ ]

***Prepared and Submitted by:***

**Name:** [ ]

**ID Number :** [ ][ ][ ] - [3][1] - [ ][ ][ ] - [ ][ ][ ]

**Program: PGDM**

**First Study Center:** [ ]

**Present Study Center:** [ ]

**RC:** [ ]

**Submission Semester :** [2][3][1]

| **Contact Address :** | |
|---|---|
| **Working Address** | **Residence Address** |
| Phone/Mobile no:............................................... | Phone/Mobile no:............................................... |
| Email: ............................................................... | Email: ............................................................... |
| Skype (if any): .................................................. | Skype (if any): .................................................. |
| FAX: ................................................................. | FAX: ................................................................. |

# স্কুল অব বিজনেস
# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ ফর্ম
## ২৩১-সিমেস্টার-২০২৫

শিক্ষার্থীর নাম:

ID নম্বর : – – –

| এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ | এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ |
|---|---|
| আমি MGC 1301/ MGF 1001 কোর্সের এ্যাসাইনমেন্ট-১<br>মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | আমি MGC 1301/ MGF 1001 কোর্সের এ্যাসাইনমেন্ট-২<br>মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 1302/ MGF 1002 কোর্সের এ্যাসাইনমেন্ট-১<br>মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 1302/ MGF 1002 কোর্সের এ্যাসাইনমেন্ট-২<br>মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 1303/ MGF 1003 কোর্সের এ্যাসাইনমেন্ট-১<br>মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 1303/ MGF 1003 কোর্সের এ্যাসাইনমেন্ট-২<br>মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 1304/ MGF 1004 কোর্সের এ্যাসাইনমেন্ট-১<br>মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGC 1304/ MGF 1004 কোর্সের এ্যাসাইনমেন্ট-২<br>মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |

**বিঃ দ্রঃ -** সম্মানিত প্রোগ্রাম সমন্বয়কারী / টিউটরদের অনুরোধ করা যাচ্ছে যে, এ্যাসাইনমেন্ট নির্ধারিত কাভার পৃষ্ঠা ও আইডি কার্ডের ফটোকপিসহ জমা দেয়া না হলে এবং এই রশিদে ছাত্রের নাম ও আইডি নম্বর যথাযথ ভাবে লেখা না হলে এ্যাসাইনমেন্ট প্রাপ্তির জন্য কোনো স্বাক্ষর প্রদান করবেন না। অন্যথায় পরবর্তীতে কখনও এ্যাসাইনমেন্ট সংক্রান্ত সমস্যা দেখা দিলে তার দায় দায়িত্ব স্কুল বহন করবে না।

# স্কুল অব বিজনেস

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ ফর্ম

## ২৩১-সিমেস্টার

শিক্ষার্থীর নাম:

ID নম্বর : ___ – ___ – ___ – ___

| | |
|---|---|
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3310 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3310 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3311 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3311 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3313 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3313 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3314 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3314 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |
| **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3315 কোর্সের এ্যাসাইনমেন্ট-১ মে ০৯, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল | **এ্যাসাইনমেন্ট প্রাপ্তি রশিদ**<br>আমি MGD 3315 কোর্সের এ্যাসাইনমেন্ট-২ মে ৩০, ২০২৫ এর মধ্যে গ্রহণ করলাম।<br><br>তারিখ সমন্বয়কারী/টিউটরের নাম, স্বাক্ষর ও সীল |

বিঃ দ্রঃ- সম্মানিত প্রোগ্রাম সমন্বয়কারী / টিউটরদের অনুরোধ করা যাচ্ছে যে, এ্যাসাইনমেন্ট নির্ধারিত কাভার পৃষ্ঠা ও আইডি কার্ডের ফটোকপিসহ জমা দেয়া না হলে এবং এই রশিদে ছাত্রের নাম ও আইডি নম্বর যথাযথ ভাবে লেখা না হলে এ্যাসাইনমেন্ট প্রাপ্তির জন্য কোনো স্বাক্ষর প্রদান করবেন না। অন্যথায় পরবর্তীতে কখনও এ্যাসাইনমেন্ট সংক্রান্ত সমস্যা দেখা দিলে তার দায় দায়িত্ব স্কুল বহন করবে না।

# স্কুল অব বিজনেস

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

### ২৩১-সিমেস্টারের পরীক্ষার নিবন্ধন ফর্ম

- বর্তমান স্টাডি সেন্টার ঃ ...................................................... আঞ্চলিক কেন্দ্র : ..........................................

প্রত্যয়ন করা যাচ্ছে যে এই কেন্দ্রের রক্ষিত নথি অনুসারে তিনি পরীক্ষা দিতে পারবেন।

আঞ্চলিক কেন্দ্র পরিচালক/স্থানীয় কেন্দ্র সমন্বয়কারী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

| | |
|---|---|
| পরীক্ষার্থীর নাম | |
| আইডি নম্বর | |
| যে আঞ্চলিক কেন্দ্রের অধীনে পরীক্ষা দিতে ইচ্ছুক | |

**পরীক্ষা সংক্রান্ত সাধারণ তথ্য ঃ**

| # | Course Code | Course Name | Registration Semester |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | | | |
| ৪ | | | |
| ৫ | | | |
| ৬ | | | |
| ৭ | | | |

আপনি যদি পূর্ববর্তী সিমেস্টারে নিবন্ধিত কোনো কোর্সের পরীক্ষা চলতি সিমেস্টারে দিতে চান, তবে মে ৩০, ২০২৫ এর মধ্যে কোর্স প্রতি ১২০/- টাকা জমা দিয়ে (টাকা জমাদানের রশিদ সহ) এই ফর্ম পূরণ করে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জমা দিবেন।

একটি সিমেস্টারে যে সকল কোর্সে নিবন্ধন করা হবে সেই কোর্সসমূহের জন্য পরীক্ষায়, চলতি সিমেস্টারের পরীক্ষা এবং পরবর্তী চার সিমেস্টারের পরীক্ষার মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে দুইবার, সর্বোচ্চ এই তিনবার অবতীর্ণ হওয়া যাবে।

পরীক্ষার ফর্ম পূরণ করেও পরীক্ষা না দিলে, তা পরীক্ষা দেয়া হয়েছে বলে গণনা করা হবে এবং লিখিত পরীক্ষায় শূন্য নম্বর যোগ হবে। কোনো কোর্সে উল্লিখিত সর্বোচ্চ তিনবার পরীক্ষায় অবতীর্ণ হওয়া সত্ত্বেও (বা অবতীর্ণ না হয়ে) যদি ন্যূনতম D গ্রেড না পাওয়া যায়, তবে ঐ কোর্সে পুনরায় সম্পূর্ণ কোর্স ফি (বর্তমানে ৬৯৬/- (ছয়শত ছিয়ানব্বই) টাকা জমা দিয়ে পুনঃ নিবন্ধন করতে হবে।

পরীক্ষার্থীর স্বাক্ষর (শিক্ষার্থী কার্ড অনুসারে)

-----✂------------------------------------------------------------------------------------------------------------

**স্কুল অব বিজনেস, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**

বিশেষ কোড ঃ

**২৩১-সিমেস্টারের পরীক্ষার প্রবেশপত্র**

ছবি

পরীক্ষার্থীর নাম...................................................................................................

ID নম্বর............................................... আঞ্চলিক/স্থানীয় কেন্দ্র...................................

স্টাডি সেন্টার ............................................ পরীক্ষা কেন্দ্র..........................................

যে সকল কোর্সে পরীক্ষা দেয়ার জন্য আবেদন করেছেন:

(কেন্দ্রের সীল ও স্বাক্ষর)

| | |
|---|---|
| ১. | ৫. |
| ২. | ৬. |
| ৩. | ৭. |
| ৪. | Total.................. (          ) Courses |

(ফাঁকা ঘরগুলি দাগ টেনে কেটে দিন)